

## 2149 - জামানত প্রদান

### প্রশ্ন

কিছু কিছু বিক্রেতা আছে তার কাছ থেকে যে ব্যক্তি কোন পণ্য খরিদ করবে কিংবা ভাড়া নিবে তাদের উপর এই শর্ত করেন যে, অগ্রিম কিছু অর্থ পরিশোধ করতে হবে। যদি ক্রেতা কিংবা ভাড়াটিয়া তার সিদ্ধান্ত পরিবর্তন করে তাহলে এই অর্থটি বিক্রেতার মালিকানায় চলে যাবে। এর হুকুম কি?

### প্রিয় উত্তর

এই প্রশ্নের বিষয়বস্তু হচ্ছে- জামানত নিয়ে বিক্রয়। এর দ্বারা উদ্দেশ্য হলো ক্রেতা কোন একটি পণ্যটি বিক্রেতার কাছ থেকে কেনার জন্য অগ্রিম একটা অর্থ প্রদান করা এই শর্তে যে, যদি সে পণ্যটি ক্রয় করে তাহলে এই অর্থ মূল্যের অংশ হিসেবে হিসাব করা হবে; আর পণ্যটি না নিলে এই অর্থ বিক্রেতার। ভাড়ার ক্ষেত্রেও বিক্রয়ের মত কথা প্রযোজ্য। যেহেতু ভাড়া মানে— উপযোগিতা বিক্রি করা। জামানত নিয়ে বিক্রি করা নিষিদ্ধ মর্মে একটি হাদিস উদ্ধৃত হয়েছে। কিন্তু সেটি দুর্বল; সহিহ নয়। জামানত নিয়ে বিক্রি করা জায়েয; তবে নির্দিষ্ট কিছু অবস্থা ছাড়া; যেমন- বাইয়ে সালাম। কেননা এই বিক্রয়ের শর্ত হলো চুক্তির বৈঠকে সম্পূর্ণ মূল্য অগ্রিম পরিশোধ করা। অনুরূপভাবে নগদ মুদ্রার বিপরীতে নগদ মুদ্রা বিক্রি করার ক্ষেত্রে এবং স্বর্ণ ও রৌপ্যের বিক্রির ক্ষেত্রে। কেননা এই ধরনের বিক্রয়ের ক্ষেত্রে চুক্তির বৈঠকে (মূল্য বা পণ্যের) পরিপূর্ণ হস্তান্তর সংঘটিত হওয়া আবশ্যিক। তাই এই চুক্তিগুলোর ক্ষেত্রে জামানত নিয়ে বিক্রি করা নাজায়েয।

যদি অপেক্ষার সময়কে সুনির্দিষ্ট করা তাহলে জামানত নিয়ে বিক্রি করা জায়েয এবং জামানতকে মূল্যের একটি অংশ হিসেবে গণ্য করা হবে যদি ক্রয় সম্পন্ন হয়। আর যদি ক্রেতা তার মত পরিবর্তন করে তাহলে বিক্রেতা এর মালিক হয়ে যাবেন। যেহেতু তারা উভয় পক্ষ এই মর্মে রাজি হয়েছেন।

আল্লাহই সর্বজ্ঞ।